

- ৩। “প্রদোষে প্রাকৃতজন’-এ একটি পুরনো কালের ঐতিহাসিক ঘটনা আছে বটে। কিন্তু ‘প্রদোষে প্রাকৃতজন’-এ যেটা দেখা গেছে সেটা হল এই, মানুষগুলো আক্রান্ত হয়ে এক জায়গা থেকে অন্য জায়গায় যাচ্ছে। ...এই যে মাইগ্রেশন অব পপুলেশন, একদিকের মানুষ আর এক দিকে চলে যাওয়া, জীবন ভেঙে যাওয়া, জীবন বিপর্যস্ত হওয়া, আবার নতুন করে জীবন গড়া—এই ব্যাপারটা, এই প্রসেসটা কতদিন ধরে চলে আসছে? এই কথাটি নিয়েই ইতিহাস নিয়ে আমার ঘাঁটাঘাঁটি এবং তা থেকেই এই উপন্যাসটা বেরিয়ে এসেছে।” উপন্যাসিকের এই বক্তব্যের সাপেক্ষে মানব-পরিযাণ বা দেশান্তরিতের আখ্যান হিসাবে ‘প্রদোষে প্রাকৃতজন’ উপন্যাসটির মূল্যায়ণ করো। ১০

অথবা

‘প্রদোষে প্রাকৃতজন’ উপন্যাস অবলম্বনে শ্যামাঙ্গ চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

- ৪। মঞ্জু সরকারের ‘তমস’ উপন্যাসে স্বাধীনতা পরবর্তী অস্থির সময় কীভাবে চিত্রিত হয়েছে তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা

বাঙালির নিজস্ব স্বদেশ নির্মাণের প্রচেষ্টা বাংলাদেশের উপন্যাসে কীভাবে ধরা পড়েছে তোমার পাঠ্য অবলম্বনে তার পরিচয় দাও। ১০

## কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০২৩

( প্রথম বর্ষ, প্রথম সিমেন্টার )

বাংলা

কোর্স : পি জি ১.৫৭

বাংলাদেশের উপন্যাস

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলির মান সমান। ৩×১০=৩০

- ১। মুক্তিযুদ্ধ নিয়ে মুক্তিযুদ্ধের সমকালে লেখা উপন্যাসগুলির মধ্যে ‘রাইফেল, রোটি, আওরাত’ কোথায় স্বতন্ত্র যুক্তিসহ আলোচনা করো। ১০

অথবা

‘রাইফেল, রোটি, আওরাত’ উপন্যাসটিকে কি ‘সমর-সাহিত্য’ বা ‘War Literature’ হিসাবে পড়া যায়? যুক্তিসহ তোমার মতামত দাও। ১০

- ২। লোকগীতি, প্রবচন, গ্রামীণ ভাষা ও লোকশিল্পের আঙ্গিকে জয়নুল আবেদিনের চিত্রকলা মিলিয়ে শামসুদ্দীন আবুল কালাম ‘কাশবনের কন্যা’ উপন্যাসে যে স্বরবৈচিত্র্য সৃষ্টি করেছেন তার স্বরূপ দৃষ্টান্তসহ আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা

‘কাশবনের কন্যা’ উপন্যাসে শামসুদ্দীন আবুল কালাম ঋষদী বাংলাভাষার সঙ্গে বাংলাদেশের আঞ্চলিক ভাষার ‘ইচ্ছাকৃত’ সমাহার করেছেন কেন? উদাহরণসহ বিষয়টি আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

১০

[ Turn over